

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৯৫
আগরতলা, ২৫ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৩ লক্ষ
৭০ হাজার পরিবার অন্তর্ভুক্ত রয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্পে ৩ লক্ষ ৭০ হাজার পরিবার অন্তর্ভুক্ত রয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক মাইলাফু মগের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, এই প্রকল্পে অন্তর্ভুক্ত পরিবারের সংখ্যা অন্যান্য প্রকল্প যেমন বিল্ডিং অ্যান্ড আদার কনস্ট্রাকশান ওয়ার্কার (বিওসিডব্লিউ), আশা, অঙ্গনওয়াড়ি ওয়ার্কার (এডব্লিউডব্লিউ), অঙ্গনওয়াড়ি হেল্পার (এডব্লিউএইচ), পিএম-জনমনের আওতায় পরিবারের সংখ্যার সমন্বয়ের সাপেক্ষে বিবেচিত হয়। তাই সময়ে সময়ে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত পরিবারের সংখ্যা পরিবর্তন হতে পারে।
